

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
 সমন্বয়-০২ শাখা  
 বাংলাদেশ সচিবালয় ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)



বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ভার্চুয়াল সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ আখতার হোসেন  
 সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
 তারিখ : ১০ আগস্ট, ২০২০ খ্রি.  
 সময় : সকাল-১১:০০ ঘটিকা

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (সমন্বয়) ও শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট গত ১৫ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থার প্রধান/ প্রতিনিধিদেরকে সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নৈতিকতার চর্চা অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সর্বাধিক গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি বিগত ১৫-০৭-২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। অতঃপর উপসচিব (সমন্বয়) মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০২০-এর চতুর্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২০) স্ব মূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নকৃত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় সকল দপ্তর/সংস্থার প্রধানদের সঙ্গে ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে দপ্তর/সংস্থার অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

০২। ভার্চুয়াল সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ অর্থ-বছরের চতুর্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২০) স্ব মূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নকৃত প্রতিবেদন সভায় অনুমোদিত হয়।
- (খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ অর্থ-বছরের চতুর্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২০) স্ব মূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নকৃত প্রতিবেদন ১৬/০৮/২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- (গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও দপ্তর/সংস্থাসমূহকে প্রেরণ করতে হবে।

০৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ আখতার হোসেন)  
 সচিব  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়